

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও  
জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প,  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।

নং-৩৩.০১.০০০০.৮৩৩.০৬.০০৪.২৩/৫৬৮

তারিখ : ২১/১২/২০২৩ খ্রিঃ।

কার্যালয় স্বারক

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং প্রাণিসম্পদ অধিদপ্তর সমন্বিত পদ্ধতিতে প্রাণিসম্পদ উৎপাদন ব্যবস্থাপনার মাধ্যমে সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর দারিদ্র বিমোচন তরান্বিতকরণ ও খাদ্য নিরাপত্তার উন্নয়ন নিশ্চিতকরণের লক্ষ্যে সরকারের অগ্রাধিকার কার্যক্রম হিসাবে ১) দারিদ্র বিমোচন ২) আমিষের চাহিদা পূরণ এবং ৩) নারীর ক্ষমতায়ন বিষয়ক উদ্দেশ্য নিয়ে আলোচ্য প্রকল্পটি বাস্তবায়িত হয়ে আসছে। সংশ্লিষ্ট প্রকল্পের আওতায় ইতিমধ্যে ক্রসব্রীড বকনা প্যাকেজ ও ভেড়া প্যাকেজ অনুদান বিতরণ সম্পন্ন হয়েছে এবং গরু হস্টপুষ্টিকরণ, হাঁস ও মুরগী প্যাকেজ অনুদান বিতরণ চলমান আছে। এছাড়া আগামী অর্থবছরে ক্রসব্রীড বকনা (মহিষের পরিবর্তে) এবং ছাগল প্যাকেজ অনুদান বিতরণ কার্যক্রম শুরু করা হবে। অত্র প্রকল্পের আওতাভুক্ত সফলভোগীদের প্যাকেজ ভিত্তিক প্রাণিসম্পদ বিষয়ক ট্রেনিং কার্যক্রম চলমান আছে।

বিগত ২০/১২/২০২৩ খ্রিঃ তারিখে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এর সভাপতিত্বে পরিচালক (সকল), প্রাণিসম্পদ অধিদপ্তর কে নিয়ে অনুষ্ঠিত সভার সংশ্লিষ্ট প্রকল্পের সফলভোগীদের বেঞ্চমার্ক সার্ভের সময়কালীন আর্থসামাজিক অবস্থা এবং অনুদান বিতরণ পরবর্তী আর্থসামাজিক অবস্থার তুলনামূলক বিবরণী প্রস্তুত করণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এমতাবস্থায় সংযুক্ত ছক অনুযায়ী সফলভোগীদের বেঞ্চমার্ক সার্ভের সময়কালীন আর্থসামাজিক অবস্থা এবং অনুদান বিতরণ পরবর্তী আর্থসামাজিক অবস্থার তুলনামূলক বিবরণী (মন্তব্য সহ) আগামী ১৫/০১/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প দপ্তরের ই-মেইল [pddt1p@gmail.com](mailto:pddt1p@gmail.com) এ মাইক্রোসফট ওয়ার্ড ও পিডিএফ ফরমেটে প্রেরণের অনুরোধ জানানো হল।

সংযুক্ত ছক

ক্র.নং	সফলভোগীর নাম, ঠিকানা ও মোবাইল নং	বেঞ্চমার্ক সার্ভেকালীন সময়ের আর্থসামাজিক অবস্থা (বাৎসরিক আয়)	বিতরণকৃত অনুদানের বিতরণ	বর্তমান সময়ের আর্থসামাজিক অবস্থা (বাৎসরিক আয়)	বিতরণকৃত অনুদানের বর্তমান সংখ্যা ও আর্থিক মূল্য (আনুমানিক)	প্রকল্পের উদ্দেশ্য অর্জন	উল্লেখযোগ্য অর্জন	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	
১.	ধুনাই হেমরম গ্রামঃ উত্তর মহেশপুর, ১ নং ডাবোর ০১৩০৪৮৮৯ ১৪	৬০,০০০/-	ক্রসব্রীড বকনা-০১ টি, খাদ্য-২২৫ কেজি, গৃহ নির্মাণ উপকরণ, ঔষধ	৯০,০০০/-	গাভী-০১, বাছুর -০১ ২,৮০,০০০/-	(১) (২) (৩)	০১ টি ষাড় বাছুর বিক্রয়/দুধ বিক্রির আয় দিয়ে অপারেশন/চিকিৎসা/সন্তানের পড়াশুনা/ টিনের ঘর নির্মাণ (ইত্যাদি) কাজে ব্যবহার করা হয়েছে।	

“ বিষয়টি জরুরী”

ড. অসীম কুমার দাস  
প্রকল্প পরিচালক

সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও  
জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প,  
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ।

২১.১২.২৩

অনুলিপিঃ কার্যার্থে

১-১৮১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,.....।

১৮২ আইসিটি কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

২-৪। পরিচালক, প্রশাসন/সম্প্রসারণ/পরিকল্পনা ও মূল্যায়ন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৫-১২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/খুলনা।

১৩-৪২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, -----।